গাংনীতে দেরিতে যুব দিবসের র্যালি শুরু

জাতীয় যুব দিবস উপলক্ষে গাংনী উপজেলা যুব উন্নয়ন আয়োজিত র্যালি সাড়ে ৯ টার পরিবর্তে সকাল সাড়ে ১০ টার সময় শুরু হওয়ায় অংশগ্রহণকারীদের মাঝে ক্ষোভের সৃষ্টি হয়। বিশেষ করে নারী ও শিশুরা বিড়ম্বনায় পড়েন।

“প্রশিক্ষিত যুব, উন্নত দেশ, বঙ্গবন্ধুর বাংলাদেশ” এ প্রতিপাদ্য নিয়ে গাংনীতে যুব দিবসের র্যালি ও আলোচনা সভা ও প্রশিক্ষনার্থীদের মাঝে সনদ বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

দিবসটি উপলক্ষে আজ সোমবার (১ নভেম্বর) বেলা সাড়ে ১১ টার সময় র্যালি উপজেলা পরিষদ থেকে বের হয়ে গাংনী হাসপাতাল বাজার ঘুরে একই স্থানে শেষ হয়।

পরে উপজেলা পরিষদ সভাকক্ষে আয়োজিত আলাচেনা সভা ও প্রশিক্ষনার্থীদের মাঝে সনদ বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম।
আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক।
বিশেষ অতিথির বক্তব্য রাখেন গাংনী পৌরসভার মেয়র আহম্মেদ আলী, উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, মেহেরপুর—২ আসনের জাতীয় সংসদ সদস্যের প্রতিনিধি আওয়ামীলীগের বিশিষ্ট নেতা মনিরুজ্জামান আতু, জেলা মুক্তিযোদ্ধা সংসদের সাবেক সাংগাঠনিক সম্পাদক আমিরুল ইসলাম। এসময় সরকারি অফিসের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

স্বাগত বক্তব্য রাখেন গাংনী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আসাদুজ্জামান।
পরে যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষার্থীদের মাঝে সনদ বিতরণ করা হয়।

এদিকে সকাল সাড়ে ৯ টার সময় র্যালি শুরু করার কথা থাকলেও প্রায় এক ঘন্টা পরে র্যালি শুরু হয়। এতে বিভিন্ন স্থান থেকে আসা নারীদের মাঝে ক্ষোভের সৃষ্টি হয়।
এব্যাপারে গাংনী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আসাদুজ্জামান বলেন

প্রধান অতিথি আসতে দেরি হওয়ায় র্যালি শুরু হতে দেরি হয়েছে।